


নং ১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৬৮৬

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
১০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ এর অধীন দপ্তর/সংস্থায় নামফলক, সাইনবোর্ড, বিলবোর্ড ব্যানার ইত্যাদি বাংলায় লেখা নিশ্চিত করণ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-আধা-সরকারি পত্র নং-০৫.২০৪.০৮৮.০০.০০.০৩৫.২০১৪-৬৮, তারিখঃ ২০.০৫.২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ অধীন দপ্তর/সংস্থায় বিদ্যমান আইন/বিধি/প্রবিধান/নীতিমালায় প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজি শব্দের যথার্থ বাংলা শব্দ পাওয়া গেলে সেক্ষেত্রে প্রমিত বাংলায় রূপান্তরের কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের নামফলক, বিলবোর্ড প্রমিত বাংলায় লেখা নিশ্চিতকরণসহ দাপ্তরিকপত্র, কার্যবিবরণী ও অন্যান্য ক্ষেত্রে প্রমিত বাংলা ব্যবহার করার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের আওতাধীন সকল বিভাগ/দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হলো।



(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন: ৯৫৭৭৪২০

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপ্রশাসক, সরকারি অফিস এবং সরকারি রিসিভার, ঢাকা।
- ২। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
- ৩। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, জ. সর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৭। কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। প্রশাসনিক কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। ব্যক্তিগত কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১০। স্টাফ মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ।
- ১১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ।
- ১২। ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সলিসিটর, আইন ও বিচার বিভাগ (অধীনস্থ সকল কর্মকর্তাগণ কে অবহিত করার অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্ম সচিব (প্রশাসন-১/২/বাজেট ও উন্নয়ন/মতামত/সলিসিটর) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৬। উপ-সচিব (প্রশাসন-১/২/বাজেট ও উন্নয়ন/মতামত-২/৩/৪) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৭। সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪/৫/৬/৭/৮/বাজেট/উন্নয়ন) আইন ও বিচার বিভাগ।
- ৮। অফিস কপি।